

তারিখ: ১৬-১০-২০২৪

প্রার্থীতার বিরুদ্ধে আপত্তির বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত

শরীয়তপুর জেলা ফুটবল এসোসিয়েশনের ডেলিগেট জনাব মোজাম্মেল হক চঞ্চল, পিতা: হাবিবুর রহমান শাহজাহান অদ্য ১৬-১০-২০২৪ তারিখ 'বায়ুফে কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০২৪' এর সদস্য প্রার্থী মাহফুজা আক্তার (কিরন) এর দাখিলকৃত মনোনয়নপত্রের উপর একটি অভিযোগ বায়ুফে নির্বাচন কমিশন বরাবর দাখিল করেন।

অভিযোগ মতে, "বায়ুফের নির্বাচনে কার্যনির্বাহী সদস্য পদের জন্য মনোনয়ন পত্র দাখিলকারী মাহফুজা আক্তার তার মনোনয়ন পত্রে নিজের নাম মাহফুজা আক্তার কিরন লিখেছেন। কিন্তু তার জাতীয় পরিচয় পত্র ও পাসপোর্টে নাম রয়েছে মাহফুজা আক্তার। এটা মনোনয়ন পত্র বাতিলের জন্য সুস্পষ্ট প্রমাণ।"

অভিযোগকারী ও অভিযুক্ত উভয়ই বায়ুফে নির্বাচন কমিশনের সম্মুখে তাদের নিজ নিজ বক্তব্য উপস্থাপন করেন।

এ বিষয়ে বায়ুফে নির্বাচন কমিশনের নিকট প্রতীয়মান হয়েছে যে, অভিযোগপত্রে 'মাহফুজা আক্তার কিরন' নাম মনোনয়ন পত্রে উল্লেখ করা হয়েছে মর্মে যে দাবি করা হয়েছে তা সঠিক নয়। প্রকৃতপক্ষে তিনি মনোনয়নপত্রে মাহফুজা আক্তার (কিরন) ব্যবহার করেছেন। সুতরাং অভিযোগ পত্রের বক্তব্য বিভ্রান্তিমূলক ও অসত্য বলে প্রতীয়মাণ হয়। কমিশনের নিকট অতীত রেকর্ড থেকে দৃষ্টিগোচর হয়েছে যে, 'বায়ুফে কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০২০' এ একই প্রার্থী একই নাম ব্যবহার করেছেন এবং অভিযোগকারী তখনও একজন ডেলিগেট হিসেবে থাকা সত্ত্বেও তিনি কোন অভিযোগ বা আপত্তি উত্থাপন করেননি।

উল্লেখ্য যে, সদস্য পদপ্রার্থী মাহফুজা আক্তার (কিরন) 'বায়ুফে কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০২০' এর মনোনয়নপত্র ও ব্যালট পেপারে একই নাম ব্যবহার করা হয়েছে।

জাতীয় পরিচয় পত্রে এবং পাসপোর্টে মূল নাম যেভাবে রয়েছে তার সাথে বন্ধনীতে নিজের ডাক নাম উল্লেখ করায় কোন ভুল এবং সাংঘর্ষিক হয়েছে মর্মে বায়ুফে নির্বাচন কমিশন মনে করছে না। একই নামের একাধিক প্রার্থীর মধ্যে সঠিক পরিচিতির জন্য বন্ধনীতে ডাক নামের ব্যবহার অতীতে আবশ্যিক বিবেচিত হওয়ায় ইহা বায়ুফে নির্বাচনে রেওয়াজে পরিনত হয়েছে। ইহাকে অবৈধ বা ভুল দাবি করা গ্রহণযোগ্য নয়।

সিদ্ধান্তঃ

বায়ুফে নির্বাচন বিধিমালা ১৪(২) বিধিমেতে শরীয়তপুর জেলা ফুটবল এসোসিয়েশনের ডেলিগেট জনাব মোজাম্মেল হক চঞ্চল এর অভিযোগপত্রের আবেদনটি না মঞ্জুর মর্মে নিষ্পত্তি করা হলো।

১৬/১০/২০২৪
ব্যারিষ্টার একেএম এহসানুর রহমান ১৬/১০/২০২৪
নির্বাচন কমিশনার
'বায়ুফে কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০২৪'

১৬/১০/২০২৪
সুরাইয়া আখতার জাহান
নির্বাচন কমিশনার
'বায়ুফে কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০২৪'

১৬/১০/২০২৪
মেজবাহ উদ্দীন
প্রধান নির্বাচন কমিশনার
'বায়ুফে কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০২৪'

